



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-১ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.১৪.০১৯.২১.৪৩৪


তারিখ: ০১ চৈত্র ১৪২৯  
১৫ মার্চ ২০২৩

বিষয়: বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে রহনপুর পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ কর্তৃক বাস্তবায়নাধীন “জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলার জন্য চাঁপাইনবাবগঞ্জ জেলার রহনপুর এলাকায় অবকাঠামো উন্নয়ন ও দরিদ্র জনগোষ্ঠীর জন্য সুপেয় পানি সরবরাহ” শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধিকরণ।

সূত্র : রহনপুর পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ এর পত্র নং রহ.পৌর.৮১০, তারিখ: ২১/১২/২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে রহনপুর পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ কর্তৃক বাস্তবায়নাধীন “জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলার জন্য চাঁপাইনবাবগঞ্জ জেলার রহনপুর এলাকায় অবকাঠামো উন্নয়ন ও দরিদ্র জনগোষ্ঠীর জন্য সুপেয় পানি সরবরাহ” শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ আগামী ডিসেম্বর, ২০২৩ খ্রি: পর্যন্ত বৃদ্ধি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রম অনুরোধ করা হল। রহনপুর পৌরসভা হতে প্রেরিত সংশোধিত প্রকল্প প্রস্তাব (সংলগ্নীসহ) এ সাথে প্রেরণ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে।

  
মোঃ আব্দুর রহমান  
উপসচিব  
ফোন: +৮৮০২৯৫১৪১৪২  
ইমেইল: [lqpaura1@lgd.gov.bd](mailto:lqpaura1@lgd.gov.bd)

ব্যবস্থাপনা পরিচালক  
বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট  
পুরাতন বন ভবন-১০১, মহাখালী, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩. উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মেয়র, রহনপুর পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ।
৬. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭. প্রকল্প পরিচালক, “জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলার জন্য চাঁপাইনবাবগঞ্জ জেলার রহনপুর এলাকায় অবকাঠামো উন্নয়ন ও দরিদ্র জনগোষ্ঠীর জন্য সুপেয় পানি সরবরাহ” শীর্ষক প্রকল্প, রহনপুর পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ।